

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ২৫৪

8/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪/৩০. ফিতনার ভয় না থাকলে মহিলাদের মসজিদে গমন এবং মহিলারা সুগন্ধি মেখে বাইরে যাবে না

خروج النساء إلى المساجد إذا لم يترتب عليه فتنة وأنها لا تخرج مطيبة

## আরবী

حَدِيْثُ ابْنِ عُمَرَ قَالَ كَانَتْ امْرَأَةٌ لِعُمَرَ تَشْهَدُ صَلاَةَ الصُّبْحِ وَالْعِشَاءِ فِي الْجَمَاعَةِ فِي الْمَسْجِدِ فَقِيلَ لَهَا لِمَ تَخْرُجِينَ وَقَدْ تَعْلَمِينَ أَنَّ عُمَرَ يَكْرَهُ ذَلِكَ وَيَغَارُ قَالَتْ وَمَا يَمْنَعُهُ أَنْ يَنْهَانِي قَالَ يَمْنَعُهُ قَوْلُ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم لاَ تَمْنَعُوا إِمَاءَ اللهِ مَسَاجِدَ اللَّهِ

## বাংলা

২৫৪. ইবনু 'উমার (রাযি.) হতে বর্ণিত, তিনি বলেন, 'উমার (রাযি.)-এর স্ত্রী (আতিকাহ্ বিনত যাযিদ) ফাজর ও 'ইশার সালাতের জামা'আতে মসজিদে হাযির হতেন। তাঁকে বলা হল, আপনি কেন (সালাতের জন্য) বের হন? অথচ আপনি জানেন যে, 'উমার (রাযি.) তা অপছন্দ করেন এবং মর্যাদা হানিকর মনে করেন। তিনি জবাব দিলেন, তা হলে এমন কি বাধা রয়েছে যে, 'উমার (রাযি.) স্বয়ং আমাকে নিষেধ করছেন না? বলা হয়, তাঁকে বাধা দেয় আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বাণীঃ আল্লাহর বান্দিদের আল্লাহর মসজিদে যেতে বারণ করো না।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ১১: জুমুআহ, অধ্যায় ১৩, হাঃ ৯০০; মুসলিম, পর্ব ৪ : সালাত, অধ্যায় ৩০, হাঃ ৪৪২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন